# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৩১১/ক/স্বী:/৮৩/৫৮ তারিখ: ২৯.০৬-২০২৬

বিষয়ঃ অধ্যক্ষের অবসর গ্রহণের সময়সীমা বর্ধিতকরণ প্রসংগে।

সূত্রঃ ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫

খ) শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০০১.২.২০৫ তারিখ ২৪/০৬/২০২৬ খ্রি. ও

গ) তাঁর গত ০২/০৬/২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২৫ এর সর্বশেষ সংশোধন অনুযায়ী "১১.১০ (ঘ) মোতাবেক ঐতিহ্যবাহী ও মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বার্থে এবং সরকারের কোন আর্থিক সুবিধা/এম.পি.ও. না নেয়ার শর্তে, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সুপারিশ ও সরকারের অনুমোদনক্রমে শুধু প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আর্থিকসহ সকল দায়ভার বহন করতে হবে এবং সরকার এর কোনো দায় বহন করবে না। এম.পি.ও. ভুক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরণের চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সরকারের আর্থিক সংশ্লিষ্টতা না থাকলেও প্রতিষ্ঠান প্রধানের মেয়াদ কোনক্রমেই ৬৫ (পয়ষট্টি) বছর বয়সের বেশি হতে পারবে না। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠান প্রধান নিয়োগপ্রাপ্ত হলে প্রতিষ্ঠানে চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানের চুক্তি ঐ তারিখ থেকে বাতিল বলে গণ্য হবে"।

এমতাবস্থায়, বিধি মোতাবেক অধ্যক্ষের অবসর গ্রহণের সময়সীমা বৃদ্ধির সুযোগ না থাকায় শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০০১.২.২০৫ তারিখ ২৪/০৬/২০২৬ খি. মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

চেয়ারম্যানের আদেশক্রমে

29/06/26

প্রফেসর মুনসী হুমায়ুন কবির
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি
ভারতেশ্বরী হোমস
মির্জাপুর, টাঙ্গাইল

২৯.০৬.২০২৬

মেমো নং- ৫৮(৫) তারিখ: ২৯.০৬.২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২) উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
৩) অধ্যক্ষ, ভারতেশ্বরী হোমস, মির্জাপুর, টাঙ্গাইল।
৪) পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫) অফিস কপি

29/06/26

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা